



জাতীয় শ্রমিক ফেডারেশন

JATIYO SRAMIK FEDERATION

রেজি নং-বাজাফে- ০১

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৫৫৮৫৪৫
31/F, Topkhana Road, Dhaka-1000. Phone : +88-02-9567975, Fax : +88-02-9558545

০৯ জুলাই, ২০২১

প্রেসবিজ্ঞপ্তি

শ্রমিকের নিরাপদ কর্মপরিবেশ প্রদানে ব্যর্থ মালিককে দুর্ঘটনায় শ্রমিককে

লাশ বানানোর দায় নিতে হবে

-----জাতীয় শ্রমিক ফেডারেশন

জাতীয় শ্রমিক ফেডারেশনের ভারপ্রাপ্ত সভাপতি কামরুল আহসান ও সাধারণ সম্পাদক আমিরুল হক আমিন নারায়নগঞ্জের রূপগঞ্জে সজীবগ্ৰুপের হাশেম ফুড এন্ড বেভারেজ লিঃ এর সেজান জুস কারখানায় অগ্নিকান্ডে এ পর্যন্ত ৫২জন শ্রমিকের প্রানহানী ও অর্ধশতাবধিক শ্রমিকের আহত হওয়ার ঘটনায় গভীর শোক, ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেছেন। তারা বলেন, কারখানায় অগ্নিকান্ডে শত শত শ্রমিকের হতাহতের ঘটনা কোন ভাবে মেনে নেয়া যায় না। আজ এক বিবৃতিতে তারা বলেন, করোনা মহামারির কঠোর বিধিনিষেধের মধ্যে সরকার শিল্পকারখানার চালু রাখতে শ্রমিকদের বিধিনিষেধের আওতায় বহির্ভূত রেখে মালিকদের শ্রমিকের কাজে যোগদানে তাদের যাতায়াতে পরিবহন ও স্বাস্থ্য-নিরাপত্তা নিশ্চিত করার পরিপত্র জারি করেছিল। কিন্তু মালিকেরা এই ঘোষণা অনুসরণ করেনি। সেজান জুস কারখানার অগ্নিকান্ড তারই জলন্ত উদাহরণ। নিরাপদকর্মপরিবেশ শ্রমিকের মৌলিক অধিকার। প্রতিষ্ঠানের মালিককেই তা নিশ্চিত করা আইনের বাধ্যবাধকতা। অবস্থাদৃষ্টে প্রতীয়মান সজীবগ্ৰুপের হাশেম ফুড এন্ড বেভারেজ লিঃ এর সেজান জুস কারখানা কর্তৃপক্ষ শ্রমিকের নিরাপদ কর্মপরিবেশ রক্ষায় উদাসিন ছিলেন। তাই দুর্ঘটনায় নিপতিত করে শ্রমিককে লাশ বানানো ও আহত করার দায় তাদেরই নিতে হবে। বিবৃতিতে নেতৃবৃন্দ, নিরাপদ কর্মপরিবেশ, পরিপূর্ণ ও শোভন স্বাস্থ্যসেবার অধিকার; মৌলিক মানবিক অধিকার নিশ্চিত করতে সরকারের প্রতি আহবান জানান। বিবৃতিতে তারা অগ্নিকান্ড দুর্ঘটনায় আহত শ্রমিকদের উপযুক্ত ও পরিপূর্ণ চিকিৎসা ও নিহত শ্রমিকদের ক্ষতিপূরণ প্রদানের আহবান জানান।

বার্তা প্রেরক

(কামরুল হাসান)